

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মতীর্থী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজৰ বোর্ড

[শুল্ক]

বিশেষ আদেশ

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ/১৪ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রঞ্জনি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এবং হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাভুক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক শুল্ক-কর মুক্ত সুবিধায় আমদানিকৃত যানবাহন নিষ্পত্তি পদ্ধতি।

নং ৫৮/২০২০/শুল্ক/২২০ I—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজৰ বোর্ড, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রঞ্জনি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এবং হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাভুক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক শুল্ক-কর মুক্ত সুবিধায় আমদানিকৃত যানবাহন নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নরূপ আদেশ জারি করিল :

আমদানিকৃত যানবাহন খালাসের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে বিক্রয়ের মাধ্যমে বা প্রকারাত্তরে হস্তান্তর করা যাবে না; তবে আমদানিকৃত গাড়ি খালাসের তারিখ হতে ০৫ (পাঁচ) বছর পর বিক্রয় বা হস্তান্তর করতে চাইলে নিম্নরূপ পদ্ধতিতে নিষ্পত্তি করা যাবে, যথা :—

- (ক) হস্তান্তরের মাধ্যমে নিষ্পত্তি; অথবা
- (খ) সরাসরি বিক্রয়ের মাধ্যমে নিষ্পত্তি; অথবা
- (গ) নিলামের মাধ্যমে নিষ্পত্তি।

(১১৪২১)

মূল্য : টাকা ৪.০০

- (ক) হস্তান্তরের মাধ্যমে নিষ্পত্তি : বেজা/বেপজা/হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাভুক্ত কোনো প্রতিষ্ঠান কর্তৃক শুল্ক-কর মুক্ত সুবিধায় আমদানিকৃত গাড়ি একই কর্তৃপক্ষের অথবা ভিন্ন কর্তৃপক্ষ (বেজা/বেপজা/হাই-টেক পার্ক) এর আওতাধীন অন্য প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে পারবে। তবে, এ ক্ষেত্রে গাড়ি আমদানি সংক্রান্ত সকল দলিলাদি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশসহ জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট গাড়ি হস্তান্তরের অনুমতি গ্রহণের জন্য আবেদন করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট গাড়ি হস্তান্তরের অনুমতি গ্রহণের জন্য আবেদন করতে হবে।
- (খ) সরাসরি বিক্রয়ের মাধ্যমে নিষ্পত্তি : বেজা/বেপজা/হাই-টেক পার্কের আওতাভুক্ত কোনো প্রতিষ্ঠান কর্তৃক শুল্ক-কর মুক্ত সুবিধায় আমদানিকৃত গাড়ি স্থানীয় শুল্ক এলাকায় সরাসরি (প্রতিষ্ঠান স্ব-ব্যবস্থাপনায়) বিক্রয় করতে চাইলে, গাড়ি আমদানি সংক্রান্ত সকল দলিলাদি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশসহ জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট গাড়ি বিক্রয়ের অনুমতি গ্রহণের জন্য আবেদন করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় যাচাই সাপেক্ষে ইনভয়েস মূল্যের উপর নিম্নের 'ছক-ক' এ নির্ধারিত অবচয়ের হারের ভিত্তিতে প্রদেয় শুল্ক করের পরিমাণ নির্ধারণ করবে। নির্ধারিত শুল্ক-কর প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক সরকারি কোষাগারে জমা প্রদান সাপেক্ষে আবেদিত গাড়ি সরাসরি (প্রতিষ্ঠান-স্ব-ব্যবস্থাপনায়) বিক্রয়ের অনুমতি জাতীয় রাজস্ব বোর্ড প্রদান করবে।

'ছক-ক'

ক্রমিক নং	আমদানি পরবর্তী ব্যবহারের সময় (বছর)	অবচয়ের হার (%)	সময় গণনা
১।	১ম	১০	
২।	২য়	২০	
৩।	৩য়	৩০	
৪।	৪র্থ	৪০	
৫।	৫ম	৫০	
৬।	৬ষ্ঠ	৬০	
৭।	৭ম	৭০	
৮।	৮ম বা তদুক্ত	৮০	বছর গণনার ক্ষেত্রে গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ হতে ন্যূনতম ৩৬৫ (তিনি শত পঁয়ষষ্ঠি) দিন অতিক্রম হতে হবে।

(গ) **নিলামের মাধ্যমে নিষ্পত্তি :** বেজা/বেপজা/হাই-টেক পার্কের আওতাভুক্ত কোনো প্রতিষ্ঠান কর্তৃক শুল্ক-কর মুক্ত সুবিধায় আমদানিকৃত গাড়ি হস্তান্তর বা সরাসরি বিক্রয় করতে না চাইলে উক্ত গাড়ি নিলামের মাধ্যমে নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট আবেদন করতে হবে। নিলাম সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড এর স্থায়ী আদেশ নং-৯৩/২০১৯/কাস্টমস, তারিখ : ২০-০৬-২০১৯ খ্রি. এ বর্ণিত বিধান পরিপালন সাপেক্ষে গাড়ি নিষ্পত্তির নির্দেশনা বোর্ড প্রদান করবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ফরিদা ইয়াসমীন
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বড়)।